আজকের কাগজ

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্যের বাজেট প্রতিক্রিয়া

# শিক্ষাখাতে প্রয়োজনীয় বরাদ্দের দাবিতে বিক্ষোভ সমাবেশ

১৯৯৬-৯৭ অর্থবছরের ঘোষিত বাজেটের ওপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল সকাল এগারোটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস ও নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন– ছাত্রমৈত্রীর সহ-সভাপতি শাহিনুর রহমান কমল, ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক হাসান হাফিজুর রহমান সোহেল এবং বাংলাদেশ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওবায়দুর রহমান চুন্নু। সমাবেশে বক্তারা বলেন যে, অতীত বাজেটগুলোর মতোই এবারের বাজেটও বিশ্বব্যাংক আইএমএফকে সন্তুষ্ট করার জন্যেই প্রণীত। বিগত বাজেটগুলোর সঙ্গে এই বাজেটের সামান্য শব্দ/বাক্যগত পার্থক্য ছাড়া আর কোনো পার্থক্য নেই। খবর বিজ্ঞপ্তি।